



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইন্ডাটন, ঢাকা

website: www.pkb.gov.bd



মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৩২.০০১.২২- ৮৫৪ (৩)

তারিখঃ ১১.০৯.২০২২

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের ১ম প্রান্তিকের **নৈতিকতা কমিটির** সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মজিবর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

তারিখ ও সময় : ১১ সেপ্টেম্বর, রবিবার বিকাল ৩:০০ ঘটিকা

স্থান : প্রবাসী কল্যাণ ব্যাংকের সভাকক্ষ

১। আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা' বাস্তবায়নে সকলকে স্ব স্ব দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের নির্দেশ দেন। ব্যাংকের সকল কর্মকর্তা কর্মচারীকে নিজ প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তা সমাধানের জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণের আহ্বান জানান। অতঃপর তিনি ব্যাংকের মহাব্যবস্থাপক(প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচ্যসূচী অনুযায়ী বিষয় সমূহ উপস্থাপনের আহ্বান জানান।

২। জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক (প্রশাসন) ও প্রবাসী কল্যাণ ব্যাংকের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচী মোতাবেক সভায় উপস্থাপন করেন। তিনি বিগত ২০২১-২২ অর্থবছরে প্রতিষ্ঠানের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য তুলে ধরেন এবং বিভিন্ন অন্তরায় চিহ্নিতকরণ বিষয়ে আলোকপাত করেন।

৩। প্রবাসী কল্যাণ ব্যাংকে "শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩" অনুযায়ী প্রবাসী কল্যাণ ব্যাংকের আওতাধীন সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়/শাখায় সর্বোচ্চ ৪(চার) জন সদস্যর একটি নৈতিকতা কমিটি গঠন করবে যার সভাপতি হবে সংশ্লিষ্ট অঞ্চল প্রধান/শাখা ব্যবস্থাপক।

৪। প্রতি আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়/শাখায় গঠিত কমিটি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়/শাখায় গঠিত কমিটি প্রতি ত্রৈমাসিকে মানব সম্পদ বিভাগের প্রধান বরাবর একটি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে। উক্ত প্রতিবেদন প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে গঠিত নৈতিকতা কমিটি পর্যালোচনা করবে এবং প্রয়োজনীয় ফিডব্যাক/ নির্দেশনা প্রদান করবে।

৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ৫.১ ২৯.০৯.২০২২ তারিখের মধ্যেই অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা সম্পন্ন করতে হবে।
- ৫.২ কর্ম পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫.৩ বিদ্যুৎ সাশ্রয়ের জন্য সময়মত অফিসে আগমন এবং অফিস ত্যাগ করতে হবে। প্রয়োজন ছাড়া এসি, ফ্যান, বৈদ্যুতিক বাতি চালিয়ে রাখা যাবেনা।
- ৫.৪ ২৯.০৯.২০২২ তারিখের মধ্যেই সকল শাখা ব্যবস্থাপক/ কর্মকর্তাদের সাথে ঋণ বিতরণ, আদায়, রেমিট্যান্স আহরণ ইত্যাদি সংক্রান্ত ভার্চুয়াল সভা সম্পন্ন করতে হবে।
- ৫.৫ সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়, মানব সম্পদ বিভাগের প্রধান বরাবর একটি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতির একটি প্রতিবেদন প্রেরণ করবে।
- ৫.৬ ২৯.০৯.২০২২ তারিখের মধ্যেই অন্ততঃ ০১টি (একটি) শাখা আকস্মিক পরিদর্শন সম্পন্ন করতে হবে।

৫

পৃষ্ঠা-২

৬। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে জাতীয় স্লোগান “জয় বাংলা” বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মজিবর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

ও

সভাপতি, নৈতিকতা কমিটি

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক।
- ৩। সদস্য সচিব, নৈতিকতা কমিটি, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। মহাব্যবস্থাপক (সকল) মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। অফিস কপি।